**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 27-11-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) কেন্দ্রীয় সরকার 'বাল্য বিবাহ মুক্ত ভারত' নামে একটি জাতীয় প্রচার অভিযান আজ থেকে শুরু করেছে ।**

**(২) ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০২৫ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষা চব্বিশে ফেব্রুয়ারি এবং মাধ্যমিক পরীক্ষা পঁচিশ ফেব্রুয়ারি থেকে শুরু হবে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, বিকশিত ভারত শীর্ষক ক্যুইজে অংশ গ্রহনের জন্য তরুনদের প্রতি আহ্বান জানিয়েছেন।**

**(৪) মৎস্য মন্ত্রী সুধাংশু দাস জানিয়েছেন, গত আগষ্ট মাসে রাজ্যে ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্ত চাষীদের জন্য রাজ্য সরকার ক্ষতিপূরণ বাবদ আপাতত ১০ কোটি টাকা বরাদ্দ করেছে ।**

*******************************************

**Annapurna Devi on Child Marriage :**

কেন্দ্রীয় সরকার 'বাল্য বিবাহ মুক্ত ভারত' নামে একটি জাতীয় প্রচার অভিযান আজ থেকে শুরু করেছে। নতুন দিল্লিতে এই প্রচার অভিযানের সূচনা করেন কেন্দ্রীয় মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রী অন্নপূর্ণা দেবী। তিনি আজ বাল্য বিবাহ-মুক্ত ভারত পোর্টালও উন্মোচন করেন। অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী বলেন, বাল্যবিবাহ প্রতিরোধ, সেই সংক্রান্ত সচেতনতা বৃদ্ধি এবং এই ধরনের ঘটনা সম্পর্কে তথ্য দিতে এই প্ল্যাটফর্ম কাজ করবে।

তিনি বলেন, বাল্যবিবাহ শুধু ফৌজদারি অপরাধ নয়, মানবাধিকার লঙ্ঘনও বটে। 'বাল্য বিবাহ মুক্ত ভারত' অভিযান শুধুমাত্র ১০ অথবা ১৫ দিনের কর্মসূচি নয়, বরং একটি বিরতিহীন প্রচেষ্টা যা বাল্যবিবাহের কুফল থেকে ভারতকে মুক্ত না করা পর্যন্ত অব্যাহত থাকবে।

এদিকে, সারা দেশের সঙ্গে রাজ্যেও আজ থেকে বাল্যবিবাহ মুক্ত ভারত অভিযান শুরু হয়েছে। এ উপলক্ষ্যে আগরতলায় রাজ্য মহিলা কমিশনের কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা বলেন, বাল্যবিবাহে এটি শিশুদের শিক্ষা, স্বাস্থ্য এবং সুরক্ষার অধিকারের উপর নেতিবাচক প্রভাব পড়ে। অনুষ্ঠানে রাজ্য শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মাও বক্তব্য রাখেন।

*****************************

**Agriculture Minister :**

আই সি এ আর- জাতীয় গবেষণা কেন্দ্র সিকিম ও রাজ্য উদ্যান পালন দপ্তরের যৌথ উদ্যোগে এক দিনের অর্কিড প্রশিক্ষণ শিবির বুধবার প্রজ্ঞা ভবনে অনুষ্ঠিত হয়। শিবিরের উদ্বোধন করেন কৃষিমন্ত্রী রতন লাল নাথ। উপস্থিত ছিলেন বিধায়ক জিতেন্দ্র মজুমদার, আই সি এ আর দিল্লির প্রাক্তন ডেপুটি ডিরেক্টর ডঃ এইচ পি সিং, পটেটো রিসার্চ সেন্টারের প্রাক্তন অধিকর্তা ডক্টর গিরপাল সিং সহ অন্যান্যরা। এই প্রশিক্ষণ শিবিরে অর্কিড লাগানোর বিভিন্ন উপকরণ কৃষকদের মধ্যে বিতরণ করা হয়। অনুষ্ঠানে মোট ৩০০ জন কৃষকের হাতে কৃষি সামগ্রি পাশাপাশি ১২০০ অর্কিডের চারা তুলে দেওয়া হয়। কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেন ভারতবর্ষে মোট ১২৫৬ প্রজাতির অর্কিড রয়েছে। রাজ্যেও অর্কিড চাষের বিশেষ সম্ভাবনা রয়েছে। রাজ্যে ৬০ প্রজাতির অর্কিড চাষ করার পরিবেশ রয়েছে। যা চাষ করে কৃষকরা আর্থিকভাবে লাভবান হতে পারে। অর্কিড রাজ্যের চাহিদার মাত্র ২৫ শতাংশ রাজ্যে চাষ করা হয় বাকি ৭৫ শতাংশ বাইরে থেকে

আনা হয়। ফলে রাজ্যের চাষিরা যদি অর্কিড চাষে উৎসাহিত হয় তবে আর্থিকভাবে লাভবান হবে। অন্ধ্রপ্রদেশ, নয়াদিল্লি, শ্রীনগর, পশ্চিমবঙ্গ সহ ত্রিপুরার প্রতিনিধিরা আজকের এই প্রশিক্ষণ শিবিরে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

*************************

**PM Surja Ghar Bijli Yojna :**

প্রধানমন্ত্রী সূর্য ঘর মুফত বিজলি যোজনায় ২০২৭ সালের মধ্যে সরকারি সমস্ত দপ্তর সৌর বিদ্যুতের অন্তর্ভুক্ত করার লক্ষ্যমাত্রা নিয়ে কাজ করছে কেন্দ্র ও রাজ্য সরকার। সেই সঙ্গে সরকারের লক্ষ্য দেশে এক কোটি বাড়িতে সৌর বিদ্যুৎ পৌঁছানোর। এখন পর্যন্ত রাজ্যে ৭৬টি বাড়িতে পিএম সূর্য ঘর মুফত বিজলী যোজনায় সৌর বিদ্যুৎ পৌঁছে দেওয়া হয়েছে। তাছাড়া এখনো পর্যন্ত অনলাইনে ন্যাশনাল পোর্টালে রেজিস্ট্রেশন করেছেন ৯৯০৮ জন। তার মধ্যে আবেদনপত্র জমা পড়েছে ৯৯০টি। রাজ্যে বর্তমানে ১২টি সরকারি অফিসে সৌর বিদ্যুৎ ব্যবহার করা হচ্ছে। রাজ্যে এই প্রকল্প রূপায়নের দায়িত্বে রয়েছে ত্রিপুরা বিদ্যুৎ উন্নয়ন নিগম লিমিটেড ও পুনর্নবীকরণ শক্তি উন্নয়ন সংস্থা। ত্রিপুরা বিদ্যুৎ উন্নয়ন নিগমের বাস্তুকার তথা পিএম সূর্যঘর মুফত বিজলী যোজনার স্টেট নোডাল অফিসার সুজাতা সরকার আজ আকাশবাণীর প্রতিনিধিকে একথা জানান। তিনি বলেন এই প্রকল্পে মূল উদ্দেশ্য হচ্ছে নিজেরাই নিজেদের বিদ্যুৎ উৎপাদন করে বিদ্যুৎ সাশ্রয়ের পাশাপাশি খরচ কমাতেও সচেষ্ট হবেন। যেভাবে জ্বালানি ফুরিয়ে যাচ্ছে, গ্যাস, কয়লা কমে যাচ্ছে, বায়ুতে কার্বনের পরিমাণ বাড়ছে, তার হাত থেকে জনগণকে রক্ষা করতে ২০২৪ সালের ১৩ই ফেব্রুয়ারি প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদি কম খরচে মানুষের কাছে সৌর বিদ্যুৎ পৌঁছে দিতেই এই প্রকল্পের সূচনা করেছিলেন। একজন ভোক্তার বাড়িতে তিন কিলো ওয়ার্টের সৌর বিদ্যুতের সংযোগে ব্যয় হয় এক লক্ষ আশি হাজার টাকা। তারমধ্যে ভর্তুকি রয়েছে ৮৫ হাজার ২২০ টাকা।

*********************************

**Mayor :**

পুর নিগমের মেয়র দীপক মজুমদার আজ আগরতলায় পশ্চিম ভুবনবনে একটি উপস্বাস্থ্য কেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কর্পোরেটর হীরালাল দেবনাথ, শম্পা সেন সরকার, সান্তনা সাহা, পুর নিগমের কমিশনার শৈলেশ কুমার যাদব।

****************************

**TBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০২৫ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষা চব্বিশে ফেব্রুয়ারি এবং মাধ্যমিক পরীক্ষা পঁচিশ ফেব্রুয়ারি থেকে শুরু হবে। পর্ষদের সভাপতি ডঃ ধনঞ্জয়গণ চৌধুরী আজ আকাশবাণীর প্রতিনিধিকে এ খবর জানান। তিনি জানান, উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক পরীক্ষার সম্পূর্ণ রুটিন আগামী মাসের মাঝামাঝি সময়ে প্রকাশ করার সম্ভাবনা রয়েছে।

****************************

**PM-Viksit Bharat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, ঐতিহাসিক বিকশিত ভারত যুব নেতৃত্ব মতবিনিময় শীর্ষক ক্যুইজে অংশ গ্রহনের জন্য তরুনদের প্রতি আহ্বান জানিয়েছেন। বিকশিত ভারতে চার ধরনের প্রতিযোগিতায় যুব সম্প্রদায় তাদের ধারনাগুলোকে প্রকাশ করতে এই চ্যালেঞ্জে অংশ নিতে পারেন বা নিজেদের অবদান রাখতে পারেন। এই ক্যুইজ প্রতিযোগিতা ডিজিটাল ভাবে সারা দেশে গত ২৫শে নভেম্বর থেকে শুরু হয়েছে এবং তা চলবে আগামী ৫ই ডিসেম্বর পর্যন্ত। এই ক্যুইজ প্রতিযোগিতায় ১৫ থেকে ২৯ বছর বয়সী যে কেউ তরুন অংশ নিতে পারবেন।

**************************

**Meet & Greet Programme :**

আজ আগরতলার সুকান্ত একাডেমীতে, দৃশ্য শ্রবণ ও চলচ্ছবি ও বিনোদন ক্ষেত্রের বিভিন্ন বিভাগের নতুন দিগন্ত ও সুযোগ-সম্ভাবনা নিয়ে 'মিট এন্ড গ্রিট' শীর্ষক এক সচেতনতামূলক সাংস্কৃতিক অনুষ্ঠান ও কর্মশালার আয়োজন করা হয়। অনুষ্ঠানে আগরতলার বিভিন্ন কলেজ বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করে। কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অধীন প্রেস ইনফরমেশন ব্যুরোর আগরতলা কার্যালয়ের উদ্যোগে এবং রাজ্য সরকারের তথ্য ও সংস্কৃতি দফতর, ত্রিপুরা ফিল্ম এন্ড টেলিভিশন ইনস্টিটিউট এবং ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানের সূচনা করে প্রধান অতিথির ভাষণে তথ্য সংস্কৃতি দপ্তরের সচিব ডঃ প্রদীপ কুমার চক্রবর্তী বলেন, সৃজনশীল তরুণ প্রতিভাদের বিশ্বমঞ্চে পৌছে দিতে এরকম একটি অনুষ্ঠানের আয়োজন এই সময়ের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি বলেন, এই সুযোগ গ্রহনের জন্য বিভিন্ন সৃজনশীল বিভাগে যে প্রতিযোগিতা ওয়েবস এর মাধ্যমে এসেছে, সেগুলো কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের কাছে পৌঁছে দেবার উদ্দেশ্যে আজকের 'ক্রিয়েট ইন ইন্ডিয়া চ্যালেঞ্জ - মিট এন্ড গ্রিট" অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ওয়েবস এর ক্রিয়েট ইন ইন্ডিয়া-অন্তর্ভুক্ত বিভিন্ন বিভাগে অংশগ্রহণর সুযোগ সম্পর্কে তিনি বলেন, বহুবিধ মাধ্যম ও বিভাগে এই চ্যালেঞ্জগুলোতে অংশ নেওয়া যাবে। এর মধ্যে রয়েছে, চলচ্ছিত্র, শর্ট ফিল্ম, রিলস নির্মাণ, থিম সং, সংবাদমাধ্যম, টেলিভিশন, কমিউনিটি রেডিও, মিউজিক, বিজ্ঞাপন, এনিমেশন, ই-গেমিং, ই-স্পোর্টস, সোশ্যাল মিডিয়া, ফিল্ম পোস্টার তৈরী করা সহ আরো অনেক কিছু। অনুষ্ঠানে বিশেষ অতিথি, ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের নিয়ামক ডঃ দীপক শর্মা বলেন, মোবাইল ফোন এখন আর শুধু বিনোদবের বস্তু নয় তা, এখন তথ্য আদান প্রদানের গুরুত্বপূর্ণ এক মাধ্যম। এক নতুন ভারতের ছবি, নতুন ভারতের উন্নয়ন

ও এগিয়ে যাওয়ার কথা ও কাহিনী এই ডিজিট্যাল মাধ্যমগুলোরা মাধ্যমে বিশ্বের কাছে পৌঁছানো উচিত।

অনুষ্ঠানে দৃশ্য শ্রবণ ও চলচ্ছবি ও বিনোদন ক্ষেত্রে পরিবর্তিত ও নতুন দিগন্তের আগমন বিষয়ে বক্তব্য রাখেন সত্যজিৎ রায় ফিল্ম এন্ড টেলিভিশন ইনস্টিটিউট এবং ত্রিপুরা ফিল্ম এন্ড টেলিভিশন ইনস্টিটিউট এর শিক্ষক চলচ্চিত্রকার সমদর্শী দত্ত। অনুষ্ঠানে সকলকে স্বাগত জানিয়ে বক্তব্য রাখেন প্রেস ইনফরমেশন ব্যুরোর উপ-অধিকর্তা শুভাশিস চন্দ। উল্লেখ্য, আগামী বছরের ৫ থেকে ৯ ই ফেব্রুয়ারী নয়াদিল্লির ভারত মন্ডপমে ওর্য়াল্ড অডিও ভিসুয়াল এন্ড এন্টারটেইনমেন্ট সামিট (ওয়েবস) সম্মেলন অনুষ্ঠিত হবে।

আজকের অনুষ্ঠানের শুরুতে অতিথি-অভ্যাগত, উপস্থিত ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকারা সমবেতভাবে সংবিধান দিবস উপলক্ষে শপথ গ্রহন করেন। অনুষ্ঠান শেষে, সুকান্ত একাডেমি প্রাঙ্গন থেকে ছাত্র ছাত্রীদের নিয়ে একটি সচেতনতামুলক পদযাত্রা বের হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমার পর সুকান্ত একাডেমি প্রাঙ্গনে এসে শেষ হয়।

*****************************

**Loksabha and Rajya sabha adjourned :**

একটি নির্দিষ্ট ব্যবসায়িক গোষ্ঠীর বিরুদ্ধে ঘুষের অভিযোগ এবং অন্যান্য বিষয়ে হট্টগোলের মধ্যে সংসদের উভয় কক্ষই আজ দিনের জন্য মুলতবি করা হয়। আজ লোকসভায় অধিবেশনের শুরুতে বিভিন্ন ইস্যুতে বিরোধীরা হট্টগোল শুরু করলে অধ্যক্ষ ওম বিড়লা প্রথমে দুপুর ১২টা পর্যন্ত অধিবেশন মুলতুবি করে। এরপর অধিবেশন পুনরায় শুরু হলে হট্টগোল চলতে থাকায় অধ্যক্ষ আজ দিনের অধিবেশন মুলতুবি ঘোষণা করেন।

এদিকে, রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনখড় প্রথমে সকাল সাড়ে ১১টা পর্যন্ত অধিবেশন মুলতুবি রাখেন। অধিবেশন পুনরায়

শুরু হলে বিরোধী সদস্যরা বিভিন্ন ইস্যুতে আলোচনার দাবিতে হট্টগোল করতে থাকেন। এ অবস্থায় রাজ্যসভার চেয়ারম্যান আজ দিনের মত অধিবেশন মুলতুবি ঘোষণা করেন।

**********************

**Kumbha Mela-Khowai :**

ত্রিপুরেশ্বরী কুম্ভ মেলা পরিষদ এবং কুম্ভকালি মন্দিরের যৌথ উদ্যোগে আগামী ২৫শে ডিসেম্বর থেকে পয়লা জানুয়ারি পর্যন্ত সাতদিনব্যাপী কুম্ভ মেলা উৎসব পশ্চিম জেলার জিরানিয়ার কুম্ভ তীর্থ দশমীঘাটে অনুষ্ঠিত হবে। এই উপলক্ষ্যে দেশের বিভিন্ন স্থান থেকে আসা সাধুগণ কুম্ভ কলস যাত্রার মাধ্যমে বিভিন্ন মন্দির থেকে জল সংগ্রহ করেন। আজকের এই কলস যাত্রায় উপস্থিত ছিলেন সর্বভারতীয় নাগার্জুনাকর রাষ্ট্রীয় সচিব নাগা সাধু রঞ্জিতা নন্দগিরি মহারাজ।

************************

**Review Meeting :**

মৎস্য মন্ত্রী সুধাংশু দাস জানিয়েছেন, গত আগষ্ট মাসে রাজ্যে ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্ত চাষীদের জন্য রাজ্য সরকার ক্ষতিপূরণ বাবদ আপাতত ১০ কোটি টাকা বরাদ্দ করেছে। এই বন্যায় মৎস্য চাষের ক্ষেত্রে ক্ষয়ক্ষতির পরিমাণ প্রায় সাড়ে ১৩০০ কোটি টাকা। আজ সিপাহীজলা জেলাশাসক কার্যালয়ে মৎস্য, প্রাণিসম্পদ বিকাশ দপ্তর ও তফসিলি কল্যাণ দপ্তরের এক পর্যালোচনা বৈঠকে তিনি একথা জানান। মৎস্য মন্ত্রী জানান,

##########Byte##########

**********************************************
*

**Under 15 Cricket :**

অনূর্ধ্ব ১৫ বছরের মেয়েদের জাতীয় ক্রিকেটে গ্রুপের চতুর্থ খেলাতেও ত্রিপুরা পরাজিত হয়েছে। আজ দেরাদুনে অনুষ্ঠিত সীমিত ওভারের আসরে বরোদা ৮ উইকেটের বড় ব্যবধানে রাজ্যদলকে হারিয়ে দেয়।

*****************************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। তাপমাত্রা সর্বোচ্চ ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬ ডিগ্রি সেলসিয়াস। বঙ্গোপসাগরে নিম্নচাপের ফলে সৃষ্ট সম্ভাব্য ঘূর্ণিঝড়ের কারণে রাজ্যে শীত পড়তে দেরি হচ্ছে বলে আবহাওয়া দপ্তর সূত্রে জানা যায়।

*************************